26

আজকের কাগজ

তারিখ 17 MAR 1996
পৃষ্ঠা ৬ কলাম ৪

## প্রাথমিক শিক্ষা চিত্র রাজশাহী বিভাগ

# ১১ হাজার গ্রামে বিদ্যালয় নেই । ১০ লাখ শিশু শিক্ষার আলো থেকে বঞ্চিত

**আলী আজগর :** উত্তরাঞ্চলের ১৬টি জেলায় দু' হাজার সালের মধ্যে 'সবার জন্যে শিক্ষা' কর্মসূচি সফল বাস্তবায়ন একেবারে অনিশ্চিত হয়ে পড়েছে। এ কর্মসূচি ভেস্তে যাওয়ার অন্তরালে রয়েছে শিক্ষক স্বল্পতা, বিদ্যালয়ের অভাব, জরাজীর্ণ বিদ্যালয়গুলোর প্রয়োজনীয় সংস্কারের অভাব, আসবাবপত্রের সংকট এবং শিক্ষকদের দায়িত্ব পালনে অবহেলা। এ ছাড়াও হাজার হাজার শিশু পেটের তাগিদে অভাবী সংসারে নিজেকে কর্মসংস্থানে আত্মনিয়োগ করায় বিদ্যালয়ে গমন ও লেখাপড়ার সুযোগ বঞ্চিত হচ্ছে। ফলে, রাজশাহী বিভাগের জেলাগুলোতে ২৩ হাজার ৪শ' ৯৪টি গ্রামের কমপক্ষে ১০ লাখেরও বেশি শিশু প্রাথমিক শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। তাছাড়াও এ অঞ্চলের প্রায় সাড়ে ১১ হাজার গ্রামে কোনো প্রাথমিক বিদ্যালয় নেই। ফলে ঐ গ্রামগুলোতে একেবারেই শিক্ষার আলো প্রবেশ করেনি। বেসরকারি সংস্থা গণস্বাক্ষরতা অভিযান ও ব্র্যাকের এক গবেষণাধর্মী প্রতিবেদন থেকে সাম্প্রতিক উত্তরাঞ্চলের প্রাথমিক শিক্ষার এ করুণ চিত্র জানা গেছে।

সূত্র মতে উত্তরাঞ্চলের অবহেলিত ১৬টি জেলা যথাক্রমে রাজশাহী, নাটোর, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, রংপুর, গাইবান্ধা, নীলফামারী, কুড়িগ্রাম, লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও পঞ্চগড়ে সরকারি প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ কর্মসূচি হতাশাজনকভাবে ব্যাহত হচ্ছে। সূত্রটি উল্লেখ করেছে, ১০ লাখ শিশু শিক্ষার্থী শুধুমাত্র বিদ্যালয়ের অভাবে শিক্ষার মতো একটি মৌলিক অধিকার পাচ্ছে না। তাছাড়াও সাড়ে ১১ হাজার গ্রামবাসীর জন্যে কোনো প্রাথমিক বিদ্যালয়ই নেই। অপর দিকে প্রায় ১৫ হাজার বিদ্যালয় সংস্কারের অভাবে শিক্ষার অনুকূল পরিবেশ বিঘ্নিত হয়ে অন্তত ৩৪ লাখ শিশু শিক্ষার্থীর পড়ালেখা চরমভাবে বিঘ্নিত হচ্ছে। এ অঞ্চলের অধিকাংশ বিদ্যালয়ে ২/৩ জন করে শিক্ষক রয়েছে। তথ্য মতে এসব বিদ্যালয়ে এখনও প্রায় দু' হাজার শিক্ষকের পদ খালি রয়েছে।

সরেজমিন অনুসন্ধানে দেখা গেছে, যে সব এলাকায় শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচি চালু রয়েছে সেসব বিদ্যালয় এবং শিক্ষক ও পরিচালনা কমিটি ব্যাপক দুর্নীতির চরম সীমায় পৌঁছে গেছে। তারা বহাল তবিয়তে গম কেলেংকারির সঙ্গে জড়িত থাকার কারণে সে সব বিদ্যালয়ে শিক্ষার অনুকূল পরিবেশ মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। কর্তৃপক্ষ সে দিকে কোনো নজরই দিচ্ছে না। বিগত সরকার এ সমস্যা নিরসনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করেনি।